**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 23তম বার্ষিক ডাঃ মার্টিন লুথার কিং, জুনিয়র ক্যারিয়ার মেলা ঘোষণা করলেন

***150টির বেশি ব্যবসা থেকে 8,300 সুযোগ নিয়ে বার্ষিক ক্যারিয়ার মেলাটি অনুষ্ঠিত হবে 6 এপ্রিল বৃহস্পতিবার***

***চাকরি সন্ধানীদেরকে এখানে প্রাকনিবন্ধন করতে উৎসাহিত করা হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 6 এপ্রিল 2023, বৃহস্পতিবার, অ্যালবানির এম্পায়ার স্টেট প্লাজা কনভেনশন সেন্টারে (Empire State Plaza Convention Center), সকাল 11টা থেকে বিকাল 3টা পর্যন্ত 23তম বার্ষিক ডাঃ মার্টিন লুথার কিং, জুনিয়র ক্যারিয়ার মেলা (Dr. Martin Luther King, Jr. Career Fair) অনুষ্ঠিত হবে। 8,300 সুযোগ নিয়ে 150টির বেশি ব্যবসা অংশগ্রহণ করবে এবং কোম্পানির প্রতিনিধিগণ অনসাইট চাকরির ইন্টারভিউ গ্রহণ করবে বলে আশা করা যাচ্ছে। এছাড়াও চাকরিসন্ধানীরা রেজুমে রিভিউ এবং চাকরিসন্ধানীদের ছবি তুলে দিবে এমন পেশাদার ফটোবুথের সুবিধা নিতে পারবে। নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (New York State Department of Labor, NYSDOL) এছাড়াও বিনামূল্যে কর্মশালার একটি সিরিজের আয়োজন করছে যা চাকরিসন্ধানীদের ইভেন্টটির পূর্বে প্রস্তুত হতে সাহায্য করবে। প্রধান অক্ষমতা কর্মকর্তার অফিস (Office of the Chief Disability Officer) ও সাধারণ সেবা অফিসের (Office of General Services) সহস্পন্সর করা ইভেন্টটি চাকরিসন্ধানী ও অংশগ্রহণকারী ব্যবসাসমূহের জন্য বিনামূল্যের হবে।

"ডাঃ মার্টিন লুথার কিং জুনিয়র ক্যারিয়ার মেলার জন্য নিউ ইয়র্কে চাকরিসন্ধানীদেরকে এম্পায়ার স্টেট প্লাজাতে আরেকবার স্বাগত জানাতে পেরে এবং আমাদের অতি দক্ষ কর্মীবাহিনীকে আমাদের স্টেটের অর্থনীতির চালক ব্যবসাসমূহের সাথে সংযুক্ত করে দিতে পেরে আমরা অতি আনন্দিত," **গভর্নর হোকল বলেন।** "সকল চাকরিসন্ধানীকে আসন্ন ডাঃ মার্টিন লুথার কিং জুনিয়র ক্যারিয়ার মেলাতে আসার জন্য এবং তাদের চাকরির অনুসন্ধান ত্বরান্বিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের প্রদত্ত বহু সংস্থানের ব্যবহার করতে আমি উৎসাহিত করছি।"

অংশগ্রহণকারীদেরকে পেশাদারদের পোশাক পরিধান করতে এবং নিজেদের রেজুমের একাধিক কপি আনতে উৎসাহিত করা যাচ্ছে। যেসব ব্যবসা চাকরি প্রদান করবে বলে আশা করা যাচ্ছে তাদের মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্ক স্টেটের সাধারণ সেবা অফিস
- অ্যালবানি মেডিকেল সেন্টার (Albany Medical Center)
- থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority)
- ফেডেক্স (FedEx)
- অ্যালবানি সিটি
- মার্কিন ডাকসেবা (U.S. Postal Service)
- প্রাইস চপার (Price Chopper)/মার্কেট 32 সুপারমার্কেট (Market 32 Supermarkets)
- আর্ক অফ রেনসেলার কাউন্টি (The Arc of Rensselaer County)
- সানমার্ক ক্রেডিট ইউনিয়ন (Sunmark Credit Union)
- নিউ ইয়র্ক স্টেট তথ্যপ্রযুক্তি পরিষেবা (New York State Information Technology Services)

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "আপনি যদি চাকরিসন্ধানী হন বা ক্যারিয়ার পরিবর্তনের কথা চিন্তা করছেন, তাহলে কিছু করার এখনই সময়। বার্ষিক এই ক্যারিয়ার মেলাটি সকল পর্যায়ের অভিজ্ঞতাসহ কয়েক শত নিউ ইয়র্কবাসীকে দারুণ নতুন ক্যারিয়ার খুঁজতে সাহায্য করেছে। প্রতিযোগীদের মধ্যে ভিন্ন হওয়ার  জন্য আমাদের বিনামূল্যের কর্মশালাসমূহ ব্যবহার করতে আমি চাকরিসন্ধানীদের উৎসাহিত করছি, আমরা আপনাকে আপনার পছন্দের ক্যারিয়ার খুঁজতে সাহায্য করতে পারবো।"

**নিউ ইয়র্ক স্টেটের প্রধান অক্ষমতা কর্মকর্তা কিম্বার্লি হিল রিডলি বলেন,** "শ্রম বিভাগে আমাদের সহকর্মীদের সাথে মিলে গুরুত্বপূর্ণ এই ইভেন্টটির সহস্পন্সর করতে পেরে আমরা অতি আনন্দিত, মাত্র এক বছর আগে আমাদের অফিসটি তৈরির সময় থেকেই তারা আমাদের জন্য দারুণ অংশীদার হয়ে আছে। চাকরিসন্ধানী অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীদেরকে এই বলিষ্ঠ ক্যারিয়ার মেলায় অংশগ্রহণ করার জন্য আমি দৃঢ়ভাবে উৎসাহিত করছি। গভর্নর হোকল উপলব্ধি করেছেন যে অক্ষমতাসহ ব্যক্তিদের মধ্যে চাকরির হার বৃদ্ধি করা আমাদের অফিসের একটি শীর্ষ অগ্রাধিকার। NYSDOL এর আয়োজিত অত্যন্ত অন্তর্ভুক্তিকর এই ক্যারিয়ার মেলাতে অংশগ্রহণ করা হলো অক্ষমতাসহ সম্ভাব্য কর্মচারীদের জন্য প্রতিবন্ধী ব্যক্তিদের চাকরি দিতে ইচ্ছুক এমন চাকরিদাতাদের কাছে পৌঁছানোর একটি পন্থা।"

**নিউ ইয়র্ক স্টেটের সাধারণ সেবা অফিসের কমিশনার জিনেট ময় বলেন,** "23তম বার্ষিক ডাঃ মার্টিন লুথার কিং জুনিয়র ক্যারিয়ার মেলা আয়োজন করার জন্য সাধারণ সেবা অফিস স্টেট সরকারে আমাদের অংশীদারদের সাথে যোগ দিতে উৎসুক হয়ে আছে। আমরা চাকরিসন্ধানীদেরকে এম্পায়ার স্টেট প্লাজা কনভেনশন সেন্টারে স্বাগত জানাচ্ছি, যেখানে তারা চাকরিদাতাদের সাথে সরাসরি সাক্ষাতের এবং উপলভ্য চাকরি ও প্রশিক্ষণ সুযোগের বৈচিত্র্যময় বিস্তার সম্পর্কে জানতে পারবে।"

ক্যাপিটাল জেলা পরিবহন কর্তৃপক্ষ (Capital District Transportation Authority, CDTA) ক্যারিয়ার মেলায় অংশগ্রহণকারীদেরকে বিনামূল্যে শাটল সেবা প্রদান করবে। শাটলটি সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত লিংকন পার্ক পুল হাউজ (Lincoln Park Pool House) থেকে 15 মিনিট পরপর ছাড়বে এবং চাকরিসন্ধানীদেরকে এম্পায়ার স্টেট প্লাজার ম্যাডিসন অ্যাভিনিউ প্রবেশপথে নামিয়ে দিবে।

**CDTA এর প্রধান নির্বাহী কর্মকর্তা কার্ম ব্যাসিল বলেন,** "MLK ক্যারিয়ার মেলাতে আরেকবার অংশীদার হতে পেরে আমরা গর্বিত। আমাদের সম্প্রদায়কে এমন সুযোগের সাথে সংযুক্ত করে দেওয়াই আমাদের অঞ্চলকে সমৃদ্ধির দিকে অগ্রসর করে রাখে। আমি আশা করছি যে চাকরিসন্ধানীরা এই সুবিধাজনক, বিনামূল্যের সেবাটি ব্যবহার করে নিজেদের জন্য সেরা চাকরিটি খুঁজে নিবে।"

2022 সালের জানুয়ারি মাসে, গভর্নর হোকল একটি ইস্তেহারে সাক্ষর করেন যেখানে ডাঃ কিংয়ের প্রচারিত স্বাধীনতা, ন্যায়বিচার, সমতা এবং শান্তির মূল্যবোধ নিউ ইয়র্ক স্টেটে বজায় রাখার জন্য পুনরায় প্রতিশ্রুতি গ্রহণ করা হয়। নবায়িত এই প্রতিশ্রুতির অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট ডাঃ কিংয়ের জীবন ও কর্মকে সম্মান জানিয়ে ইভেন্টের একটি সিরিজ আয়োজন করেছে, যার মধ্যে একটি বার্ষিক স্মৃতিপালন এবং সিনেমা প্রযোজনা, বই ও খাদ্য ড্রাইভ এবং এম্পায়ার স্টেট প্লাজাতে একটি শিক্ষার্থীদের শিল্প ও রচনা প্রদর্শনী এবং নিউ ইয়র্কের প্রথম কৃষ্ণাঙ্গ বিধায়কদের ব্যাপারে "ক্ষমতার ক্ষেত্রে অগ্রগতি (Progress to Power)" ক্যাপিটল প্রদর্শনী রয়েছে। ডঃ কিং ক্যারিয়ার ফেয়ার অঞ্চলের সবথেকে বেশি অংশগ্রহণকারীর উপস্থিতি থাকা অনুষ্ঠানগুলির মধ্যে অন্যতম।

যারা ফেয়ারে উপস্থিত থাকতে চায় তাদেরকে অনলাইনে নিবন্ধন করার জন্য উৎসাহিত করা হচ্ছে। স্থান সীমিত, তাই অনুগ্রহ করে যত দ্রুত সম্ভব নিবন্ধন করুন।

NYSDOL নিয়মিত ভার্চ্যুয়াল ক্যারিয়ার মেলা ও কাস্টোমাইজ করা অবসর ইভেন্ট আয়োজন করে যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে প্রায় কয়েক হাজার ব্যবসা ও চাকরি সন্ধানীদের সাহায্য করে। আরো জানার জন্য, labor.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন